গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জয়পুরহাট সদর,জয়পুরহাট
www.joypurhatsadarjoypurhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৩৮৪৭.০০০.০৭.১০০.২৫-২৭০

তারিখ: ১৯ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ,২০২৬ খ্রিস্টাব্দ

# সরকারি জলমহাল ইজারার আবেদন পত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.১০৮ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী জয়পুরহাট জেলার জয়পুরহাট সদর উপজেলার সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে শর্তসাপেক্ষে ইজারা প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। বিস্তারিত শর্তাবলি, অন্যান্য তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা ভূমি অফিস, জয়পুরহাট সদর এবং ওয়েব সাইট হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

আবেদনপত্র দাখিলের সময়সূচি:

| আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের তারিখ | আবেদনপত্র গ্রহন বাক্স খোলার তারিখ | আবেদন পত্রের মূল্য (অফেরতযোগ্য ) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০৮/০৩/২০২৬ খ্রি. হতে ৩০/০৩/২০২৬ খ্রি. (অফিস চলাকালীন) | ৩১/০৩/২০২৬ খ্রি. | ০১/০৪/২০২৬ খ্রি. | ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফ্ট | ক্যালেন্ডার সূচি মোতাবেক আবেদন পত্র সমূহ অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয় রাজস্ব শাখা, জয়পুরহাট, উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর ও সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট সদর, জয়পুরহাট এর কার্যালয় হতে ক্রয় ও দাখিল করা যাবে। |

**শর্তাবলীঃ**

১. জলমহাল/পুকুর সমূহ বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা দেয়া হবে।
২. সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
৩.সমিতি/সংগঠনের গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ও ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং পুকুর ইজারা গ্রহণের সিদ্ধান্ত সম্বলিত সভার কার্যবিবরণী, সদস্যদের নামের তালিকা ও ঠিকানা এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষের সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখা, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হালসন পর্যন্ত অডিট রিপোর্ট ও টিআইএন নম্বর (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
৪. ইতিপূর্বে কোন জলমহাল বন্দোবস্ত গ্রহণ করেছেন কিনা, করে থাকলে কোন রাজস্ব বকেয়া আছে কিনা তা উল্লেখ করতে হবে।
৫. আবেদনকারী সমিতি/সংগঠনের নামে সার্টিফিকেট মামলা/অন্য কোন আদালতে মামলা আছে কিনা থাকলে তার বর্তমান অবস্থা কী জানাতে হবে।
৬. আবেদন ফি বাবদ সোনালীব্যাংক, জয়পুরহাট শাখা হতে সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
৭. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী জামানত হিসাবে ইজারামূল্যের ২০% হিসেবে উপজেলা নির্বাহী অফিসার/সহকারীকমিশনার (ভূমি), জয়পুরহাট সদর, জয়পুরহাট বরাবর যেকোন তফসিল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৮.আবেদনপত্রে কোন প্রকার ঘষা, মাজা বা কাটাকাটি বা লেখার উপর লেখা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৯.অনুমোদিত ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর জমা দিতে হবে।
১০.দাখিলকৃত দর অনুমোদিত হলে ইজারার টাকা পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে।
১১. খামের উপরে পুকুরের নাম এবং তফশীল স্পষ্টভাবে লিখতে হবে।
১২. প্রতিটি পুকুরের জন্য আলাদা আলাদা ভাবে সীলমোহরকৃত খামে আবেদন পত্র দাখিল করতে হবে।
১৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর যাবতীয় শর্তাবলী, মৎস্য আইন এবং আবেদন পত্রের যাবতীয় শর্তাবলী প্রতিপালন করতে হবে।
১৪. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনভাবেই পুকুরের পরিবর্তন/পরিবর্ধন/পুকুরপাড়ে অবস্থিত গাছ কর্তন করা যাবে না।
১৫.ইজারাযোগ্য অনুমোদিত পুকুরের তালিকা নোটিশ বোর্ডে অথবা অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।
১৬.পুকুরের বাস্তব অবস্থা সরেজমিনে দেখে আবেদনপত্র/দরপত্র দাখিল করতে হবে।

CS CamScanner

১৮.ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে/আদালতের কোন মামলা/নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল/স্থগিত করতে পারবেন।

১৯. ইজারাকৃত পুকুরের মা মাছ নিধন করা যাবে না।

২০. ইজারা দেয়া কোন পুকুর ভুলক্রমে তালিকায় অন্তর্ভুক্ত হলে তা বাদ যাবে এবং ইজারাযোগ্য কোন পুকুর ভুলক্রমে তালিকাভুক্ত না হলে পরবর্তী ডাকের পূর্বে
তালিকা ভুক্ত করা হবে।

২১. কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন আবেদনপত্র/দরপত্র বা সকল আবেদনপত্র/দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২২. ইজারাকৃত জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়করসহ এককালীন পরিশোধ করতে হবে।

০৪/০৩/২০২৬

(আশিক-উর-রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জয়পুরহাট সদর,জয়পুরহাট
www.joypurhatsadarjoypurhat.gov.bd

স্মারক নং- ৩৮.৪৩.৩৮৪৭.০০০.০৭.১৬১.২৬-২৫০

তারিখ: ২০ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ,২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, জয়পুরহাট
০২। পুলিশ সুপার, জয়পুরহাট
০৩। সিভিল সার্জন, জয়পুরহাট
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট
০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/সড়ক ও জনপথ/জনস্বাস্থ্য, জয়পুরহাট
০৬। প্রশাসক, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
০৭। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
০৮। প্রশাসক, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল পৌরসভা, জয়পুরহাট
০৯। সহকারী কমিশনার (ভূমি) পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১০। উপজেলা মৎস্য অফিসার, জয়পুরহাট সদর
১১। উপজেলা সমবায় অফিসার, জয়পুরহাট সদর
১২। অফিসার ইনচার্জ, জয়পুরহাট সদর থানা, জয়পুরহাট
১৩। সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট সদর (বিজ্ঞপ্তটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধসহ)
১৩। সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট সদর (বিজ্ঞপ্তটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধসহ)
১২। প্যানেল চেয়ারম্যান, ধলাহার/দোগাছী/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল/আমদই/বম্বু/জামালপুর/চকবরকত ইউ,পি জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জয়পুরহাট সদর/পুরানাপৈল/বম্বু/জামালপুর/দূর্গাদহ/আমদই/মল্লিকপুরপেঁচুলিয়া, ইউনিয়ন ভূমি অফিস, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি হাট বাজার সমূহে ও জনবহুল স্থানে এবং বহুল প্রচার অন্তে প্রতিবেদন দেয়ার জন্য বলা হলো। ক্যালেন্ডার সূচি মোতাবেক যে সকল পুকুর ইজারা হবে না সে সকল পুকুর সরকারের দখলে রাখার জন্য বলা হলো।
১৪। জনাব.........................................................................................................
১৫। অফিস কপি/নোটিশ বোর্ড

০৪/০৩/২৬

রাজীব কুমার বিশ্বাস
সহকারী কমিশনার (ভূমি)
জয়পুরহাট সদর,জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জয়পুরহাট সদর,জয়পুরহাট
www.joypurhatsadarjoypurhat.gov.bd

জয়পুরহাট সদর উপজেলার বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ৩ বছর মেয়াদে ২ য় ধাপে ইজারার নিমিত্ত উন্মুক্ত সায়রাতভূক্ত জলমহালের তালিকাঃ

| ক্রমিক নং | আওতাভূক্ত ইউনিয় ভূমি অফিসের নাম | মৌজার নাম | পুকুরে নাম | পুকুরের দাগ (সাবেক/হাল) | পুকুরের আয়তন (একর) | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জয়পুরহাট সদর | হাড়াইল | তেনাগাড়ী পুকুর | ২৫৫/২৭৪ | ০.৩২ | ১৩,২৩০/- | |
| ০২ | পেঁচুলিয়া | দোগাছী | দোগাছী পুকুর | ১৫৭৪/৬২৭৫ | ১.৫১ | ৫০,৬৬২/- | |
| ০৩ | পেঁচুলিয়া | থিয়ট | ভেন্নাগাড়ী পুকুর | ৪৬৮/৬৬৯ | ০.৭০ | ৭৭,১৭৫/- | |
| ০৪ | পেঁচুলিয়া | পেঁচুলিয়া | মাতলা পুকুর | ২৪৬৩/৮৭৯০ | ১.৩৭ | ১৬৫০০০/- | |
| ০৫ | দূর্গাদহ | ভাদসা | কোচ পুকুর | ৯৫৮/৩৩৬৮ | ০.৭২ | ১৬,৮০০/- | |
| ০৬ | দূর্গাদহ | ছাওয়ালপাড়া | ঘাট পুকুর | ১৭৭২/৪০৫০ | ১.৩৬ | ১,৮১,৯১২/- | |
| ০৭ | মল্লিকপুর | খাসপাহনন্দা | মিশন পুকুর | ১৪১৩/৫৫২৫ | ০.৭৩ | ১০৭,১০০/- | |
| ০৮ | মল্লিকপুর | ভূটিয়া পাড়া | পীড় পুকুর | ৪০/৮০ | ১.১৯ | ২৬,৭২৫/- | |
| ০৯ | মল্লিকপুর | জগদিসপুর | মীরা পুকুর | ১৫৩/৫০৩ | ০.৯৫ | ৫৫,৬৫০/- | |
| ১০ | মল্লিকপুর | ধলাহার | জগি পুকুর | ১০৭৭/৫৮০৭ | ০.৬৫ | ৭৭১৮/- | |
| ১১ | মল্লিকপুর | নিক্তি পাড়া | সাহা পুকুর | ৮৪২/৬৯৩ | ২.৩০ | ৫৩৩,৪০০/- | |
| ১২ | মল্লিকপুর | রামকৃষ্ণপুর | ভূসমারী পুকুর | ৬২৬/৫৮৭৭ | ০.৮২ | ৩৮,০৮০/- | |
| ১৩ | মল্লিকপুর | রামকৃষ্ণপুর | বৈরাগী পুকুর | ২৮২/৬৫৭ | ০.৬৬ | ৫৫১৩/- | |
| ১৪ | মল্লিকপুর | রামকৃষ্ণপুর | শিবতলা পুকুর | ৫৮৪/৫৮১১ | ০.৮৭ | ৯৯২৩/- | |
| ১৫ | মল্লিকপুর | ভানাইকুশলিয়া | জব্বার পুকুর | ৭৭৮ | ০.২০ | ২০০০/- | |
| ১৬ | মল্লিকপুর | ভানাইকুশলিয়া | সামির পুকুর | ৭৭৫ | ০.২১ | ২০০০/- | |
| ১৭ | বম্বু | হানাইল | চল্লিশপীর পুকুর | ২৪৪/৬৩৪ | ০.৩৮ | ৪৬,৩০৫/- | |
| ১৮ | বম্বু | বুজরুগ | বেল শহর পুকুর | ৫০১/৩১ | ০.৮৫ | ২১,১০৫/- | |
| ১৯ | জামালপুর | বেড়ইল | দ্বিপকের পুকুর | ২২৮/৪৭১ | ০.৪৩ | ২৬২৫/- | |
| ২০ | পুরানাপৈল | বড় তাজপুর | ছোট দেওয়ান পুকুর | ২২২২/৪৬৭৬ | ০.৭৫ | ৯৭,১২৫/- | |
| ২১ | পুরানাপৈল | বড় তাজপুর | ডানডোবা পুকুর | ২০৬৯/৪২৭৬ | ০.৪৯ | ৩৬১৪০/- | |
| ২২ | পুরানাপৈল | বড় তাজপুর | তালতলী পুকুর | ১১৯৪/১৬২৪ | ১.৯৪ | ২২৫,৭৫/ | |

CS CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | পুরানাপৈল | হেলকুন্ডা | মরা পুকুর | ৭০৪/৩০৭৭ | ২.৯৯ | ৩১৬,৬৮৩/- | |
| ২৪ | পুরানাপৈল | হেলকুন্ডা | ডুমার পুকুর | ৬৮২/৩০৯৯ | ০.৯৯ | ৭৮৭৫০/- | |
| ২৫ | পুরানাপৈল | হেলকুন্ডা | সন্ধ্যা পুকুর | ৮৫৫/৩৬৫১ | ০.৫৪ | ২২,১৬০/- | |
| ২৬ | পুরানাপৈল | তুলট | তুলটি পুকুর | ৬২৮/১৭৮০ | ০.৫৩ | ৫২৯২/- | |
| ২৭ | পুরানাপৈল | হালটি | ভাতরা পুকুর | ৫০/১১ | ১.২৪ | ২২৯,৯৫০/- | |
| ২৮ | পুরানাপৈল | হালটি | খোলসাগাড়ী পুকুর | ৮১০/২৭৬৬ | ০.৪৭ | ৪৭,৭৭৫/- | |
| ২৯ | পুরানাপৈল | পুরানাপৈল | সন্ধ্যা পুকুর | ৭৯৫/৮১৫ | .৩০ | ২৬২৫/- | |
| ৩০ | মাধাইনগর | কাদোয়া | চালমলকা পুকুর | ১৮১২/০.৬৪ | ০.৬৪ | ৩৫০০/- | |
| ৩১ | মাধাইনগর | কাদোয়া | আয়নারবিল | ২৬২২/১০৬৬৫ | ০.৪৪ | ৪৪১০/- | |
| ৩২ | মাধাইনগর | কাদোয়া | জোড়াগাড়ী পুকুর | ১৭৭৪/৪৬৮৪ | ০.৩৪ | ৩৬৭৫/- | |

০৪/০৬/২০২৬

আশিক-উর-রহমান
উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট

CS CamScanner